

## বিরামপুরে আমন চাষে ব্যস্ত কৃষক

■ বিরামপুর (দিনাজপুর) সংবাদদাতা

আমনের চারা রোপণে ব্যস্ত সময় পার করছেন বিরামপুরের কৃষকরা। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বীজতলা থেকে চারা উত্তোলন এবং জমিতে রোপণে ব্যস্ত সময় পার করছেন তারা। বিরামপুর উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ নিল্লন চন্দ্র পাল জানান, চলতি বছর উপজেলায় ১৭ হাজার ৪১১ হেক্টর জমিতে আমন চাষের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ধানের অধিক দাম ও কৃষি প্রণোদনা



পেয়ে কৃষকরা লক্ষ্যমাত্রার অধিক বীজতলায় বীজ বপন করেছেন। ইতিমধ্যে তারা আগাম জাতের আমন চারা রোপণ শুরু করেছে। কৃষকদের বপনকৃত চারার মধ্যে অন্যতম হচ্ছে গুটি স্বর্ণা, স্বর্ণা-৫, ব্রি-৩৪, ৫১, ৭১, ৭৫, হাইব্রিড ও বিনা-১৭.২০ জাতের ধান।